# নতুন সংবিধান লাগবে, মুজিববাদীদের প্রতিহত করতে হবে: জামায়াতের সমাবেশে সারজিস




সারজিস আলম: সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নেতা সারজিস আলম বলেছেন, দেশের নতুন সংবিধান ও গণপরিষদ নির্বাচন প্রয়োজন। মুজিববাদীদের বিরুদ্ধে রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিকভাবে প্রতিরোধ গড়ার আহ্বান জানান তিনি। একইসঙ্গে স্বৈরাচার বিরোধী ঐক্যের ডাক দেন এবং ভারতের প্রভাব ও আধিপত্য প্রত্যাখ্যানের কথা বলেন।

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম বলেছেন, "এই বাংলাদেশে আমাদের নতুন সংবিধান দরকার। গণপরিষদ নির্বাচন দিতে হবে। সংখ্যালঘু ও নারীদের অধিকার নিশ্চিত করতে হবে।” শনিবার (১৯ জুলাই) রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে জামায়াতে ইসলামীর সমাবেশে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, “অভ্যুত্থানের এক বছর পরও মুজিববাদীদের ষড়যন্ত্র শেষ হয়নি। গোপালগঞ্জে এখনো তাদের ঘাঁটি সক্রিয়। শুধু আইন দিয়ে নয়, তাদের রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিকভাবে প্রতিহত করতে হবে।”

সারজিস আরও বলেন, “স্বৈরাচার বিরোধী ঐক্য আজ সময়ের দাবি। মতভেদ থাকতে পারে, কিন্তু বাংলাদেশবিরোধী ভারতপন্থি শক্তির বিরুদ্ধে সবাইকে এক থাকতে হবে। এই দেশে আর কোনো ভারতীয় আধিপত্য চলবে না।”

তিনি সমাবেশে অভিযোগ করেন, “হাজারো ছাত্র-জনতা জীবন দিয়ে যে স্বপ্ন দেখেছিল, তা এখনো পূরণ হয়নি। আমরা অন্তর্বর্তী সরকারকে সুশীল সাজানো সরকার হিসেবে দেখতে চাই না। খুনি হাসিনার বিচার একদিন হবেই।”

শেষে তিনি বলেন, “বিচার বিভাগ ও আইনশৃঙ্খলা বাহিনী যেন আর দলীয় নিয়ন্ত্রণে না থাকে। কেউ চাঁদাবাজি করলে সে যেই হোক, তার বিরুদ্ধে আমরা বলবো, তবে স্বৈরাচারের বিরুদ্ধে সবাই এক হবো।”